রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৩, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ অগ্রহায়ণ ১৪২২/০৩ ডিসেম্বর ২০১৫

**নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.৩০৩**—জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ আবুবকর সিদ্দিক ৩০ নভেম্বর ২০১৫ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

২। মোঃ আবুবকর সিদ্দিক ০৩ মার্চ ১৯৫৮ তারিখে শরিয়তপুর জেলার নড়িয়া উপজেলার কেদারপুর গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। প্রাতিষ্ঠানিক শিক্ষাজীবনে স্কুল ও কলেজের পাঠ শেষে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে কৃতিত্বের সঙ্গে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি গত ১৯ জুন ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন।

৩। জনাব মোঃ আবুবকর সিদ্দিক কর্মজীবনে মাঠপ্রশাসনে এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও স্বশাসিত সংস্থায় কর্মরত ছিলেন। চাকরিজীবনে তিনি দীর্ঘদিন মাঠপ্রশাসনের বিভিন্ন দায়িত্বশীল পদে অধিষ্ঠিত ছিলেন। পরবর্তী পর্যায়ে মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, তথ্য মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যানের দায়িত্ব পালন শেষে তিনি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবের দায়িত্ব গ্রহণ করেন। গত ৩১ জানুয়ারি ২০১৩ তারিখে তিনি বাংলাদেশ সরকারের সচিব হিসাবে পদোন্নতি প্রাপ্ত হন এবং উক্ত মন্ত্রণালয়ে ১৯ জুলাই ২০১৪ তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেন। অতঃপর তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব হিসাবে ২০ জুলাই ২০১৪ তারিখে নিযুক্ত হন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি এই পদে কর্মরত ছিলেন।


**মূল্য** ঃ টাকা ৪.০০

৪। জনাব মোঃ আবুবকর সিদ্দিক প্রায় ৩২ বছর যাবৎ সততা, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত ছিলেন। তিনি একজন বিনয়ী, বিনম্র, স্পষ্টভাষী ও সদাচারী ব্যক্তি হিসাবে সমধিক পরিচিত ছিলেন।

৫। প্রজাতন্ত্রের কর্মে জনাব মোঃ আবুবকর সিদ্দিকের পেশাদারিত্বমূলক অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ করত তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহুমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৬ অগ্রহায়ণ ১৪২২/৩০ নভেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৬। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

**মন্ত্রিসভার শোকপ্রস্তাব**

১৬ অগ্রহায়ণ ১৪২২
ঢাকা: ----------------------
৩০ নভেম্বর ২০১৫

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ আবুবকর সিদ্দিক ৩০ নভেম্বর ২০১৫ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

মোঃ আবুবকর সিদ্দিক ০৩ মার্চ ১৯৫৮ তারিখে শরিয়তপুর জেলার নড়িয়া উপজেলার কেদারপুর গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। প্রাতিষ্ঠানিক শিক্ষাজীবনে স্কুল ও কলেজের পাঠ শেষে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে কৃতিত্বের সঙ্গে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি গত ১৯ জুন ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন।

জনাব মোঃ আবুবকর সিদ্দিক কর্মজীবনে মাঠপ্রশাসনে এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও স্বশাসিত সংস্থায় কর্মরত ছিলেন। চাকরিজীবনে তিনি দীর্ঘদিন মাঠপ্রশাসনের বিভিন্ন দায়িত্বশীল পদে অধিষ্ঠিত ছিলেন। পরবর্তী পর্যায়ে মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, তথ্য মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যানের দায়িত্ব পালন শেষে তিনি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবের দায়িত্ব গ্রহণ করেন। গত ৩১ জানুয়ারি ২০১৩ তারিখে তিনি বাংলাদেশ সরকারের সচিব হিসাবে পদোন্নতি প্রাপ্ত হন এবং উক্ত মন্ত্রণালয়ে ১৯ জুলাই ২০১৪ তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেন। অতঃপর তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব হিসাবে ২০ জুলাই ২০১৪ তারিখে নিযুক্ত হন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি এই পদে কর্মরত ছিলেন।

জনাব মোঃ আবুবকর সিদ্দিক প্রায় ৩২ বছর যাবৎ সততা, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত ছিলেন। তিনি একজন বিনয়ী, বিনম্র, স্পষ্টভাষী ও সদাচারী ব্যক্তি হিসাবে সমধিক পরিচিত ছিলেন।

মন্ত্রিসভা প্রজাতন্ত্রের কর্মে জনাব মোঃ আবুবকর সিদ্দিকের পেশাদারিত্বমূলক অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ করত তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মন্ত্রিসভা মরহুমের রুহের মাগফিরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd